

কুবি ভর্তি পরীক্ষায়
উত্তীর্ণদের
সাক্ষাৎকার স্থগিত

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সর্বোদাতা
কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২০১৪-১৫
শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে
ভর্তিচ্ছুদের সাক্ষাৎকার অনিবার্য
কারণবশত স্থগিত করা হয়েছে।
গতকবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের ভর্তি
পরীক্ষা কমিটির এক জরুরি বৈঠক
শেষে এ সিদ্ধান্ত জানানো হয়। ভর্তি
পরীক্ষায় উত্তীর্ণদের সাক্ষাৎকার ১১
১২ ও ১৩ জানুয়ারি অনুষ্ঠিত হওয়ার
কথা ছিল। বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার ও
ভর্তি পরীক্ষা কমিটির সদস্য সচিব
মোঃ মজিবুর রহমান মজুমদার
সাক্ষাৎকার স্থগিত হওয়ার বিষয়টি
নিশ্চিত করেন। পরবর্তীতে বিজ্ঞপ্তির
মাধ্যমে সাক্ষাৎকারের নতুন সময়সূচি
জানানো হবে বলেও জানান তিনি।
ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য
বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট
www.cou.ac.bd তে পাওয়া
যাবে।